দ্বাদশ গুণযুক্ত ব্রাহ্মণের দোষ দেখাইতেছেন—অরবিন্দনাভপদারবিন্দবিমুখঃ অর্থাৎ শ্রীহরিচরণে বহির্ম্মুখতা-দোষদুষ্ট। যে মহৎগুণে শ্বপচের শ্রেষ্ঠত্ব, তাহাই দেখাইতেছেন—সেই অরবিন্দনাভ শ্রীকৃষ্ণে মন প্রভৃতি যে জন অর্পণ করিয়াছে। শ্লোকোক্ত ঈহিত শব্দের অর্থ কায়িক কর্ম্ম। সেই ভগবদ্ বহির্ম্মুখ দ্বাদশ গুণসম্পন্ন ব্রাহ্মণ হইতে ভগবদুন্মুখ শ্বপচের শ্রেষ্ঠত্বের কারণটি বলিতেছেন। পূর্ব্ববর্ণিতলক্ষণ শ্বপচসকল কুল পবিত্র করে, আর প্রচুরতর মায়াময় অহঙ্কারবিশিষ্ট ভগবদ্‌বহির্ম্মুখ ব্রাহ্মণটি আপনাকেও পবিত্র করিতে পারে না, আর কুল পবিত্র করার কথা ত বহুদূরে। যেহেতু শ্রীভগবানে ভক্তিহীনের এইসকল গুণ কেবল মায়াময় অহঙ্কারই জন্মাইয়া থাকে, কিন্তু চিত্তশোধন করে না। অতএব, সেই ভগবদ্‌বহির্ম্মুখ ব্রাহ্মণ দ্বাদশ গুণযুক্ত হইলেও অতিশয় হীন—এই শ্লোকের অভিপ্রায় এই প্রকারই বুঝিতে হইবে। এই পর্য্যন্ত শ্রীস্বামীপাদকৃত টীকার ব্যাখ্যা। শ্রীবোপদেব গোস্বামীকৃত "মুক্তাফল" গ্রন্থের হেমাদ্রিকৃত টীকাতেও উল্লেখ আছে যে—ধনাভিজন প্রভৃতি দ্বাদশ গুণ, অথবা—

> শমো দমস্তপঃ শৌচং ক্ষান্ত্যার্জ্জববিরক্তয়ঃ।
> জ্ঞানবিজ্ঞান-সন্তোষাঃ সত্যাস্তিক্যং দ্বিষড়্‌গুণাঃ ॥

অর্থাৎ শম, দম, তপস্যা, শৌচ, ক্ষান্তি, সারল্য, বিরক্তি, জ্ঞান (শাস্ত্রোত্থ), বিজ্ঞান (অনুভব), সন্তোষ, সত্য, আস্তিক্য প্রভৃতি দ্বাদশটী গুণের কথা এস্থলে উল্লেখ করা হইয়াছে। এই পর্য্যন্ত হেমাদ্রিকৃত টীকার ব্যাখ্যা। স্কন্দপুরাণোক্ত দেবর্ষি নারদের বাক্যও ভগবদ্‌বহির্ম্মুখ ব্রাহ্মণ হইতেও ভগবদ্‌ভক্ত শ্বপচের শ্রেষ্ঠত্বের কথার সমর্থন করিতেছে; যথা—কুল ও আচারবিহীন জনও যদি দৃঢ় ভক্তিমান্ ও জিতেন্দ্রিয় হয়, তবে তিনি জনসমাজের মধ্যে প্রশংসনীয় হইয়া থাকেন। কিন্তু অষ্টাদশ শাস্ত্রবিদ্যায় পারদর্শী সদ্বংশসম্ভূত শান্ত ও ধার্ম্মিক ব্রাহ্মণও যদি ভক্তিহীন অজিতেন্দ্রিয় হয়েন, তবে তিনিও সেইরূপ প্রশংসনীয় হয়েন না। কাশীখণ্ডে কথিত যে—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র অথবা ইতর জাতীয় কোন জন যদি বিষ্ণুভক্তি সমাযুক্ত হয়েন, তবে তাঁহাকে নিখিল উত্তম জনগণের মধ্যেও শ্রেষ্ঠস্থানীয় বলিয়া জানিতে হইবে। বৃহৎ নারদীয় পুরাণে বলেন—"যাহারা শ্রীবিষ্ণুতে ভক্তিবিহীন, তাহারা চণ্ডাল নামে পরিকীর্ত্তিত। পক্ষান্তরে শ্রীহরিচরণে ভক্তিপরায়ণ চণ্ডালও শ্রেষ্ঠ"। নারদপুরাণে উক্ত আছে—হে মহারাজ! শ্রীবিষ্ণুভক্ত শ্বপচও ব্রাহ্মণ হইতে শ্রেষ্ঠ; কিন্তু তচ্চরণে ভক্তিবিহীন যে ব্রাহ্মণ, তিনি শ্বপচ হইতেও অধম। র্ব্ববর্ণিতপূ